গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইসিটি শাখা
প্রোগ্রামার
সহকারি মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারি প্রোগ্রামার
অন্যান্যঃ
ডাইরী নং- তারিখ-
স্বাক্ষরঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইসিটি শাখা
www.mohpw.gov.bd

**বিষয়: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ ইমরুল চৌধুরী, অতিরিক্ত সচিব (অডিট) ও চিফ ইনোভেশন অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | : | ০৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ, সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নম্বর ২০৪, ভবন নম্বর ৫), বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| উপস্থিত সদস্যগণের তালিকা | : | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই সভাপতি উপস্থিত দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন অফিসারগণকে স্ব-স্ব বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর কার্যক্রমসমূহ সঠিক সময়ে বাস্তবায়নের যথাযথ ব্যবস্থা গ্রহনের বিষয়ে তাগিদ প্রদান করেন। সভায় নিম্নলিখিত আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১) | সভাপতি উপস্থিত সকল ইনোভেশন অফিসারগণকে অতি শীঘ্রই বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর ক্রমিক নং-৪.১ এ উল্লিখিত উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ১ দিনের কর্মশালা/সেমিনার আয়োজনের তাগিদ প্রদান করেন। আগামী এপ্রিল ২০২০ এর মধ্যে উদ্ভাবন কর্মপরিকল্পনার ক্রমিক নং ৪.২ ও ৪.৩ এ উল্লিখিত উদ্ভাবন ও সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধিতে ২ দিন করে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সকল দপ্তর/সংস্থাসমূহ একমত পোষন করেন। এক্ষেত্রে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ এবং চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ যৌথভাবে দুটি প্রশিক্ষণের আয়োজন করবে এবং এ প্রতিষ্ঠান দুটির প্রয়েজনীয় সংখ্যক কর্মকর্তাসহ মন্ত্রণালয়ের ৫ জন করে কর্মকর্তা উক্ত প্রশিক্ষণে অংশগ্রহন করবেন মর্মে সভায় আলোচনা হয়। খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ এবং রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ যৌথভাবে উক্ত দুটি প্রশিক্ষণের আয়োজন করবে মর্মে সভায় আলোচনা হয়। এছাড়া ঢাকায় অবস্থিত অন্যান্য দপ্তর/সংস্থাসমূহ তাঁদের স্ব-স্ব উদ্যোগে আলোচনার মাধ্যমে যৌথ বা এককভাবে উক্ত প্রশিক্ষণের আয়োজন করবে। রাজধধানী উন্নয়ন কর্তৃপক্ষ এবং গণপূর্ত অধিদপ্তর তাদের স্ব-স্ব প্রশিক্ষণে মন্ত্রণালয়ের ৫ (পাঁচ)জন করে কর্মকর্তাকে অংশগ্রহনের জন্য আমন্ত্রন করার ব্যবস্থা গ্রহনের বিষয়ে সংশ্লিস্ট ইনোভেশন কর্মকরাতাগণকে বলেন। তাছাড়া, দপ্তর/সংস্থাসমূহ তাদের প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজনের ক্ষেত্রে সর্বদা মন্ত্রণালয়েন ইনোভেশন টিমকে অবহিত করতে হবে এবং প্রয়োজনে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের প্রতিনিধি কে আমন্ত্রন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | ১) সকল দপ্তর/সংস্থাকে আগামী মার্চ, ২০২০ মাসের মধ্যে উদ্ভাবন ও সেবা সহজিকরন বিষয়ক ১ দিনের কর্মশালা/সেমিনার আয়োজন করতে হবে।<br>২) আগামী এপ্রিল ২০২০ এর মধ্যে সকল দপ্তর/সংস্থাকে উদ্ভাবন ও সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধিতে ২ দিনের প্রশিক্ষণ আয়োজন করতে হবে। CDA ও CoxDA যৌথভাবে এবং প্রতিটি প্রশিক্ষণে মন্ত্রণালয়ের ৫ জন করে কর্মকর্তাকে অংশগ্রহনের জন্য আমন্ত্রণ জানাবে। RDA ও KDA যৌথভাবে প্রশিক্ষণ দুটির আয়োজন করবে।<br>৩) অন্যান্য সকল দপ্তর/সংস্থা তাঁদের নিজ নিজ উদ্যোগে উদ্ভাবন ও সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধিতে ২ দিনের প্রশিক্ষণ আয়োজন করবে। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ এবং গণপূর্ত অধিদপ্তর তাঁদের প্রশিক্ষণে মন্ত্রণালয়ের ৫ জন করে কর্মকর্তাকে অংশগ্রহনের জন্য আমন্ত্রণ জানাবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহ। |
| ২) | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহের পাইলটিং বাস্তবায়নসহ আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে | ১) সকল দপ্তর/সংস্থাকে যথাসময়ে গৃহীত উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নসহ জাতীয় পর্যায়ে বাস্তবায়নের উদ্যোগ গ্রহন করতে হবে | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং এর আওতাধীন |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | বাস্তবায়নের যথাযথ উদ্যোগ গ্রহনের জন্য সভাপতি উপস্থিত সকলকে তাগিদ প্রদান করেন। মন্ত্রণালয়ের উদ্যোগে একটি উদ্ভাবনী প্রদর্শনী (শোকেসিং) এর আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। উক্ত শোকেসিং এর মাধ্যমে শ্রেষ্ঠ উদ্যোগ নির্বাচন এবং শ্রেষ্ঠ উদ্যোক্তাকে পুরস্কৃত করা যায় মর্মে সভায় উপস্থিত সবাই মতামত প্রদান করেন। তাছাড়া উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠনিক পত্র/সনদপত্র/ক্রেস্ট ও আর্থিক প্রনোদনা প্রদান করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | এবং আবশ্যিকভাবে অফিস আদেশ জারী করতে হবে।<br>২) সকল দপ্তর/সংস্থার অংশগ্রহনে মন্ত্রণালয়ের উদ্যোগে একটি উদ্ভাবনী প্রদর্শনী (শোকেসিং) এর আয়োজন করতে হবে এবং উক্ত শোকেসিং এর মাধ্যমে শ্রেষ্ঠ উদ্যোগ নির্বাচনপূর্বক শ্রেষ্ঠ উদ্যোক্তাকে পুরস্কৃত করতে পারে।<br>৩) মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা তাঁদের নিজ নিজ প্রতিষ্ঠানের উদ্ভাবকগণকে প্রসংশাসূচক উপ-আনুষ্ঠনিক পত্র /সনদপত্র /ক্রেস্ট ও আর্থিক প্রনোদনা প্রদান করতে পারে। | সকল দপ্তর/সংস্থাসমূহ। |
| ৩) | সভায় উপস্থিত ইনোভেশন কর্মকর্তাগণ উদ্ভাবনী কর্মকান্ডের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণকে নলেজ শেয়ারিং প্রোগ্রামে বিদেশে প্রেরণ করা যেতে পারে মর্মে মত প্রদান করেন। সভাপতি এ বিয়য়ে সকলের নিকট তাঁদের মতামত জানতে চান। মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থায় উদ্ভাবনী কর্মকান্ডের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণকে নলেজ শেয়ারিং প্রোগ্রামে বিদেশে পাঠানো যেতে পারে মর্মে সবাই মতামত প্রদান করেন। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ইনোভেশন কর্মকর্তা প্রস্তাব করেন যে, উদ্ভাবনী ধারনার প্রবর্তনকারী দেশসমূহের মধ্যে সুইজারল্যান্ড/জার্মানীর বিভিন্ন উদ্ভাবনী কর্মকান্ড পরিদর্শন করা যেতে পারে। তাছাড়া উক্ত দেশসমূহে এসংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের জন্যও ভাল প্রতিষ্ঠান রয়েছে যেখানে স্বল্পমেয়াদী প্রশিক্ষনের মাধ্যমে ইনোভেশন সংক্রান্ত ভাল ধারণা পাওয়া যাবে যা নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণে সহায়ক হবে। উপস্থিত অন্যান্য সকল কর্মকর্তাগণ এ বিষয়ে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ইনোভেশন অফিসারের প্রস্তাবের সাথে একমত পোষন করেন। এ বিষয়ে উদ্যোগ গ্রহণের জন্য মন্ত্রণালয় হতে সকল দপ্তর/ সংস্থায় পত্র প্রেরণের বিষয়ে ইনোভেশন অফিসারগণ সভাপতিকে অনুরোধ করেন। | ১) বার্ষিক উদ্ভানী কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর আওতায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন টিমের যে সকল কর্মকর্তা ইনোভেশন কর্মকান্ডের সাথে জড়িত তাদেরকে স্ব-স্ব প্রতিষ্ঠানের ইনোভেশন ফান্ডে বরাদ্দকৃত বাজেট হতে অথবা প্রতিষ্ঠানের অর্থায়নে নলেজ শেয়ারিং প্রোগ্রামে বিদেশে পাঠানো যেতে পারে।<br>২) মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার/ ইনোভেশন টিমের প্রতিনিধির নেতৃত্বে সকল দপ্তর/সংস্থা হতে ২/৩ জন করে কর্মকর্তার সমন্বয়ে ১/২ টি ব্যাচে নলেজ শেয়ারিং প্রোগ্রামে সুইজারল্যান্ড/ জার্মানীতে প্রেরণ করার উদ্যোগ গ্রহন করা যেতে পারে। মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্য ও সিস্টেম এনালিস্ট জনাব মিহির কান্তি সরকার ও রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ইনোভেশন কর্মকর্তা জনাব কাজী মোহাম্মদ মাহাবুবুল হক সুইজারল্যান্ড ও জার্মানীতে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানকারী বিভিন্ন প্রতিষ্ঠানের খোজ খবর নিয়ে এ সংক্রান্ত তথ্য মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসারকে অবহিত করবেন। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহ। |
| ৪) | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক গৃহীত সেবা সহজিকরণ সংক্রন্ত উদ্যোগসমূহ বাস্তবায়নের যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য সভাপতি উপস্থিত সকলকে তাগিদ প্রদান করেন। এছাড়া বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ এবং সহজিকৃত সেবাসমূহের প্রচার ও প্রকাশনার জন্য ডকুমেন্টেশন তৈরি প্রকাশ ও প্রচারনার যথাযথ উদ্যোগ গ্রহন করা প্রয়োজন মর্মে সভাপতি সকলকে অবহিত করেন। যথাযথ প্রচার না থাকায় সরকার কর্তৃক গৃহীত অনেক উদ্যোগের সুফল জনগনের দোড়গোড়ায় শতভাগ পৌছায় না। উপস্থিত | ১) সকল দপ্তর/সংস্থাকে তাঁদের সহজিকৃত সেবাসমূহের বাস্তবায়নে যথাযথ উদ্যোগ গ্রহন করতে হবে এবং আবশ্যিকভাবে অফিস আদেশ জারী করতে হবে।<br>২) এছাড়া বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ এবং সহজিকৃত সেবাসমূহের প্রচার ও প্রকাশনার জন্য ডকুমেন্টেশন তৈরি প্রকাশ ও প্রচারনার যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহ। |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | সকলে এ বিষয়ে যথাযথ উদ্যোগ গ্রহন করা হবে মর্মে মতামত প্রদান করেন। | | |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/২/২০২০

(মোঃ ইমরুল চৌধুরী)
অতিরিক্ত সচিব (অডিট) ও
চিফ ইনোভেশন অফিসার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৫৩.৮৮.০০১.১৯-৭০

তারিখঃ ২৭ মাঘ ১৪২৬ খ্রিষ্টাব্দ / ১০ ফেব্রুয়ারি ২০২০ বঙ্গাব্দ

বিতরণ (জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/ চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
৩. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা. ঢাকা।
৪. অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ-২, গৃহায়ন ওগণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবগিচা, ঢাকা।
৬. মহা-পরিচালক, এইচ বি আর আই, ১২০/৩ দারুস সালাম, মিরপুর, ঢাকা।
৭. পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৯. সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. ইনোভেশন অফিসার, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১১. ইনোভেশন অফিসার, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/ চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
১২. ইনোভেশন অফিসার, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা. ঢাকা।
১৩. ইনোভেশন অফিসার, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবগিচা, ঢাকা।
১৪. ইনোভেশন অফিসার, এইচ বি আর আই, মিরপুর, ঢাকা।
১৫. ইনোভেশন অফিসার, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. ইনোভেশন অফিসার, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৭. প্রোগ্রামার, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে ইনোভেশন কর্নারে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
১৮. অতিরিক্ত সচিব (অডিট) ও চিফ ইনোভেশন অফিসার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১৯. অফিস কপি/মাস্টার ফাইল।

১০/০২/২০২০

(মিহির কান্তি সরকার)
সিস্টেম এনালিস্ট
ও সদস্য ইনোভেশন টিম
ফোনঃ ০২-৯৫১৫৫৩৮
ই-মেইলঃ mihircse@gmail.com